# চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড

# বিজ্ঞপ্তি

**চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক নতুন ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট (ট্রেক) ইস্যুর জন্য দরখাস্ত আহবান করা প্রসঙ্গে**

চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) দেশের আধুনিক,কার্যকর,দক্ষ,স্বচ্ছ প্রযুক্তি নির্ভর এবং আর্ন্তজাতিক মানের ষ্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠার লক্ষ্যে ১লা এপ্রিল, ১৯৯৫ ইং সনে প্রতিষ্ঠিত হয়। এই ধারাবাহিকতায় সিএসই ১৯৯৮ সনে দেশে সর্বপ্রথম সম্পুর্ণ অটোমেটেড পদ্ধতিতে অনলাইন ট্রেডিং সিস্টেম প্রবর্তন করে যার ফলে ঢাকা, চট্রগ্রাম, সিলেট সহ দেশের বিভিন্ন অঞ্চল হতে একযোগে ট্রেডিং কার্যক্রমে অংশগ্রহণ করা সম্ভবপর হচ্ছে।

বর্তমানে দেশে এবং বিদেশে যে কোন অঞ্চল থেকে অনলাইন ট্রেডিং , ইন্টারনেট ট্রেডিং সার্ভিস এবং মোবাইল অ্যাপসের মাধ্যমে ট্রেকহোল্ডারদের গ্রাহকেরা ট্রেডিং কার্যক্রমে অংশগ্রহন করছে। পুঁজিবাজারের স্বার্থে সিএসই তার উন্নয়ন প্রয়াস সবসময় অগ্রাধিকার ভিত্তিতে করে আসছে।

চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ তার ব্যবসায়িক পরিকল্পনা বাস্তবায়ন এবং বানিজ্যিক কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন ২০১৩, চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ এর ডিমিউচ্যুয়ালাইজেশন স্কীম সহ অন্যান্য বিদ্যমান আইনসমূহের আলোকে যোগ্যতা সম্পন্ন আগ্রহী দেশী ও বিদেশী কর্পোরেট প্রতিষ্ঠানের নিকট নতুন ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টফিকেট (ট্রেক) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহন করেছে। এই লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে সীলগালা খামে দরখাস্ত আহবান করা যাচ্ছে যা ১৫ এপ্রিল,২০২১ ইং বিকাল ৫:৩০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, সিএসই বিল্ডিং, ১০৮০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্রগ্রাম - ৪১০০ বরাবর দাখিল করতে হবে।

যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদন (ফরম-ক) সিএসই হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, আবেদনপত্রের সঙ্গে **Chittagong Stock Exchange Limited** এর অনুকূলে ১,০০,০০০(এক লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার (অফেরত-যোগ্য) ফি হিসেবে জমা দিতে হবে ।

## ১. ট্রেক প্রাপ্তির যোগ্যতা ও অযোগ্যতা সমূহ ঃ

**(১) ট্রেক ইস্যুর জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত ন্যূনতম যোগ্যতাসমূহ থাকতে হবে ঃ**

(ক) উহা কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা বা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কমিশন) কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠান হতে হবে;

(খ) উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টাকা হতে হবে;

তবে শর্ত থাকে যে, দেশী-বিদেশী শেয়ারহোল্ডারদের যৌথ উদ্যোগে গঠিত কোন কোম্পানি আবেদন করলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ৮,০০,০০,০০০ (আট কোটি) টাকা হতে হবে;

আরো শর্ত থাকে যে, সম্পূর্ণ বিদেশি শেয়ারহোল্ডারের মালিকানাধীন কোন কোম্পানি আবেদন করলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ১০,০০,০০,০০০ (দশ কোটি) টাকা হতে হবে;

(গ) উহার সার্বক্ষণিক নিরীক্ষিত নীট সম্পদের পরিমাণ উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ৭৫% এর অধিক হতে হবে;
(ঘ) জামানত হিসেবে ন্যূনতম ৩,০০,০০,০০০ (তিন কোটি) টাকা বা কমিশন কতৃর্ক সময় সময়ে নির্ধারিত পরিমাণ অর্থ দফা(খ) এ উল্লেখিত পরিশোধিত মূলধনের অতিরিক্ত হিসেবে সিএসইতে সার্বক্ষণিক সংরক্ষণ করতে হবে;

তবে শর্ত থাকে যে, দফা (খ) এ উল্লেখিত কোন দেশি-বিদেশী শেয়ারহোল্ডারের যৌথ উদ্যোগে গঠিত কোম্পানির ক্ষেত্রে জামানত হিসেবে ন্যূনতম ৪,০০,০০,০০০ (চার কোটি) টাকা সংরক্ষণ করতে হবে;

আরো শর্ত থাকে যে, সম্পূর্ণ বৈদেশিক শেয়ারহোল্ডারের মালিকানাধীন কোম্পানির ক্ষেত্রে জামানত হিসাবে ন্যূনতম ৫,০০,০০,০০০ (পাঁচ কোটি ) টাকা সংরক্ষণ করতে হবে;

(ঙ) উহার, কমিশনের অনুমোদন সাপেক্ষে সিএসই কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন তদারকি কর্মকর্তা, মানবসম্পদ, প্রযুক্তি অবকাঠামো এবং আর্থিক সক্ষমতাসহ পর্যাপ্ত পেশাদার ব্যবস্থাপনা ও অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।

**(২) ট্রেক ইস্যুর জন্য আবেদনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো অযোগ্যতা বিবেচিত হবে ঃ**

(ক) আবেদনকারী বা উহার কোন পরিচালক কোন ফৌজদারী মামলায় শাস্তিপ্রাপ্ত বা দন্ডিত হলে ;
(খ) উহার পরিচালক পর্ষদের সদস্যদের মধ্যে ৫০% এর বেশি উহার উদ্যোক্তা কোম্পানির পরিচালক পর্ষদের সদস্য হলে;
(গ) উহা বা উহার কোন পরিচালক সর্বশেষ সিআইবি প্রতিবেদনে ঋণখেলাপী থাকলে;
(ঘ) উহার কোন পরিচালক অন্য কোন ট্রেকধারকের পরিচালক থাকলে;
(ঙ) মিউচ্যুয়াল ফান্ড সহ কোন যৌথ বিনিয়োগ স্কীম উহার কোন শেয়ারহোল্ডার হলে;
(চ) উহার কোন পরিচালক পূর্বে কোন স্টক এক্সচেঞ্জ কর্তৃক বহিষ্কৃত হয়ে থাকলে অথবা আইন পরিপালনে অযোগ্য ঘোষিত হয়ে থাকলে; এবং
(ছ) পূর্বে উহার ট্রেক বাতিল হয়ে থাকলে বা কোন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট আদালত কর্তৃক উহার সিকিউরিটিজ লেনদেন বন্ধ হয়ে থাকলে ।

**(৩) ট্রেক ইস্যুর জন্য সর্বাধিক যোগ্যতা সম্পন্ন আবেদনকারী বাছাইয়ের ক্ষেত্রে, অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়সমূহ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে ঃ**

(ক) উহার পরিচালনা পর্ষদের কমপক্ষে ২ জন পরিচালকের পুঁজিবাজার- সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ;
(খ) কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার পুঁজিবাজার-সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা ;
(গ) তদারকি কর্মকর্তার (Compliance Officer) পুঁজিবাজার- সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা ;
(ঘ) কোম্পানির পরিশোধিত মূলধনের পরিমান বেশী হলে ;
(ঙ) বৈশ্বিক পুঁজিবাজার বা স্টকব্রোকিং-সম্পর্কিত অভিজ্ঞতা থাকলে;
(চ) কোম্পানির বা উহার পরিচালকগনের পুঁজিবাজার বা এক্সচেঞ্জের সার্বিক উন্নয়নে আর্থিক ও কারিগরি বিষয়ে অবদান রাখবার সক্ষমতা থাকলে ;
(ছ) দেশীয় এবং আন্তর্জাতিক স্বনামধন্য প্রতিষ্ঠান হলে;
(জ) প্রাতিষ্ঠানিক শেয়ার হোল্ডারের পরিমান অধিক হলে;
(ঝ) ইসলামী শরিয়াহ্ - ভিত্তিক ট্রেকের ব্যবসা পরিচালনার উদ্দেশে আগ্রহী আবেদনকারীর প্রয়োজনীয় যোগ্যতা ও অবকাঠামো থাকলে ;
(ঞ) অন্যান্য কর্মকর্তাগনের পুঁজিবাজার বিষয়ক অভিজ্ঞতা থাকলে;
(ট) সিএসই'র পরিচালনা পর্ষদ কর্তৃক এ বিষয়ে সময়ে সময়ে নির্ধারিত অন্য কোন মানদন্ড।

**(৪) ইসলামি শরিয়াহ্ - ভিত্তিক ট্রেক ব্যবসা পরিচালনার উদ্দ্যেশে আবেদনকারীর নিম্নবর্ণিত অতিরিক্ত যোগ্যতা থাকা আবশ্যক ঃ**

(ক) নিজস্ব শরিয়াহ্ বোর্ড বা হোল্ডিং কোম্পানির শরিয়াহ্ বোর্ড থাকবে ;
(খ) শরিয়াহ উপদেষ্টা হিসেবে কমপক্ষে একজন মুফতি বা ফিকাহ্ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী কর্মকর্তা থাকবে;
(গ) কমিশন বা এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত অন্য কোন শর্ত।

**(৫) এছাড়াও নতুন ট্রেক ইস্যুর ক্ষেত্রে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন ২০১৩ ও চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড ডিমিউচ্যুয়ালাইজেশন স্কীম এর সংশ্লিষ্ট বিধানবলীও প্রযোজ্য হবে ।**

## ২. যথাযথভাবে পূরণকৃত আবেদন (ফরম-ক) এর সহিত নিম্নলিখিত দলিলাদি দাখিল করতে হবে ঃ

(ক) কোম্পানির নিগমিতকরণ সনদ ।
(খ) কোম্পানির সংঘবিধি ও সংঘস্মারক ।
(গ) দরখাস্ত স্বাক্ষরকারীকে ক্ষমতার্পন বিষয়ে পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণীর অনুলিপি ।
(ঘ) লিগ্যাল /আইনগত ডিসক্লোজার /প্রকাশনা (সকল পরিচালক ও কর্পোরেট মালিকের অঙ্গীকারনামা) ।
(ঙ) ট্রেকধারক হিসেবে ব্যবসায়িক পরিকল্পনা ।
(চ) কর্পোরেট টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশন এর অনুলিপি ।
(ছ) ন্যুনতম বিগত ৩ (তিন) বছরের আয়কর কর্তৃপক্ষের প্রদত্ত আয়কর সনদের অনুলিপি (নতুন কোম্পানি গঠনপূর্বক ট্রেক ইস্যুর জন্য আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য নয়) ।
(জ) সকল পরিচালকগণ ও কর্পোরেট মালিকদের সর্বশেষ সিআইবি প্রতিবেদন মোতাবেক ঋণখেলাপি নন এইরুপ অঙ্গীকারনামা।
(ঝ) ন্যুনতম বিগত ৩ (তিন) বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী (নতুন কোম্পানি গঠনপূর্বক ট্রেক ইস্যুর জন্য আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য নয়) ।
(ঞ) তালিকাভুক্ত কোম্পানি, বিদ্যমান ট্রেকধারী, মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্ট্রি, হেফাজতকারী কিংবা সম্পদ ব্যবস্থাপকের পরিচালকদের সম্পৃক্ততা সংক্রান্ত বিবরণী ।
(ট) আরজেএসসি (RJSC) কর্তৃক আবেদনকারী কোম্পানির নামে প্রদত্ত হালনাগাদ তফসিল - ১০ ( Schedule - X ) এর প্রত্যায়িত অনুলিপি ( নতুন কোম্পানি গঠনপূর্বক ট্রেক ইস্যুর জন্য আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য নয়) ।
(ঠ) বিদেশী শেয়ারেহোল্ডারের আইনগত দলিলাদি ও কাগজপত্রাদি ।
(ড) আরজেএসসি (RJSC) কর্তৃক পরিচালকদের হালনাগাদ তালিকা ( Form-XII ) এর প্রত্যায়িত অনুলিপি ( নতুন কোম্পানি গঠনপূর্বক ট্রেক ইস্যুর জন্য আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য নয়) ।
(ঢ) পরিচালকগণ, এমডি/সিইও, সিএফও/হিসাররক্ষন কর্মকর্তা, তদারকি কর্মকর্তা, তথ্য প্রযুক্তি কর্মকর্তাগণের বায়োডাটা/জীবন বৃত্তান্ত ।
(ণ) পরিচালকগণ, ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা এবং তদারকি কর্মকর্তা পুঁজিবাজার সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতার স্বপক্ষে দলিলাদি বা সনদ।
(ত) উহার কোন পরিচালক কোন ফৌজদারী মামলায় শাস্তি বা দন্ডিত নন, কোন ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক বহিস্কৃত নন, আইন পরিপালনে অযোগ্য ঘোষিত নন বা উহার ট্রেক বাতিল নয় বা কোন নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট আদালত কর্তৃক সিকিউরিটিজ লেনদেন বন্ধ নয় এই মর্মে ঘোষনা যা ২০০ (দুইশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রস্তুতকৃত এবং নোটারি পাবলিক কর্তৃক সত্যায়িত ।

(থ) **"Chittagong Stock Exchange Limited"** এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার (অ-ফেরতযোগ্য) এর মাধ্যমে

পরিশোধিত ১,০০,০০০ (এক লক্ষ) টাকা আবেদন ফি ।

(দ) আবেদনের সাথে প্রদত্ত দলিলাদি ছাড়াও পরবর্তীতে সিএসই র চাহিদামাফিক অন্যান্য দলিলাদি ও কাগজপত্রাদি (যদি প্রয়োজন হয়) জমা করতে হবে।

**৩. স্পষ্টীকরণের জন্য যোগাযোগ ঃ**

এ বিষয়ে বিস্তারিতভাবে জানার জন্য নিম্নবর্নিত সিএসই'র কর্মকর্তার সহিত যোগাযোগ করবার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নাম ঃ একেএম শাহরোজ আলম
পদবী ঃ উপ মহাব্যবস্থাপক
বিজনেস ডেভেপমেন্ট অ্যান্ড মার্কেটিং প্রমোশন
মোবাইল নং ঃ+৮৮ ০১৭১৩-১০৮৯১০

নামঃ মোঃ নাহিদুল ইসলাম খান
পদবী ঃ উপ মহাব্যবস্থাপক
ট্রেক মার্কেটিং অ্যান্ড সার্ভিসেস
মোবাইল নং ঃ +৮৮ ০১৯৭৩-১০৮৯০২

**৪.** চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃপক্ষ যে কোন কারণ ব্যতিরেকে এই বিজ্ঞপ্তির যে কোন অংশ বা শর্ত পরিবর্তন বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করবে ।

**বিশেষ দ্রষ্টব্য ঃ চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড ট্রেক ইস্যুর জন্য যে কোন আবেদন গ্রহণ ও প্রত্যাখান করার ক্ষমতা সংরক্ষণ করে। এ বিষয়ে সিএসই'র সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং আবেদনকারী উক্ত সিদ্ধান্ত মেনে চলতে বাধ্য থাকবে।**